বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩৮৪৭০১
e-mail: dgmaccounts2@krishibank.org.bd

## কেন্দ্রীয় হিসাব বিভাগ

অভ্যাঃপত্র নং-প্রকা/হিসাব(শাখা-১)/৬(৬৩)সিবিএস/২০২৩-২০২৪/৩০৯

তারিখঃ ০৫.১১.২০২৩

১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
২। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৬। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ** সিবিএসের আওতায় ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতে ০১০৩ কোডে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর নতুন একটি করে ইউনিক কাস্টমার একাউন্ট খোলার মাধ্যমে নতুন হিসাবায়ন প্রক্রিয়া চালুকরণ ও ভবিষ্য তহবিলের চাঁদা কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ অটোমেশনের মাধ্যমে আনয়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংকে কর্মরত প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর বেতন হতে ভবিষ্য তহবিল বাবদ নিজ নিজ মূল বেতনের ১০ শতাংশ হারে কর্তনপূর্বক সংশ্লিষ্ট শাখায় ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতে রক্ষিত হয়। ২৮.০২.১৯৯৪ তারিখে ভবিষ্য তহবিল বিভাগ হতে জারীকৃত অপারেশন পরিপত্র নং-২১/৯৪ এর নির্দেশনা অনুযায়ী শাখাসমূহ কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত ভবিষ্য তহবিলের চাঁদা বাৎসরিক ভিত্তিতে একটি ক্রেডিট এ্যাডভাইস স্থানীয় মুখ্য আঞ্চলিক কার্যালয়ের উপর ইস্যু করে প্রতিবেদনসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ করে থাকেন। কর্পোরেট শাখাসমূহ স্থানীয় মুখ্য কার্যালয়ের উপর ইস্যুকৃত ক্রেডিট এ্যাডভাইসসহ প্রতিবেদন সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ প্রেরণ করে থাকেন। কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) ব্যাংকের সকল শাখা হতে প্রাপ্ত প্রতিবেদন পরীক্ষণপূর্বক সকল কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিক হিসাবে জমা করে থাকেন।

০৩। উপরোক্ত সনাতনী হিসাবায়ন পদ্ধতিতে জটিলতার সৃষ্টি হয়। নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পরেও এ্যাডভাইস প্রেরণ না করায় ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতের টাকা আনয়নে দীর্ঘসূত্রিতা তৈরী হয় এবং প্রায়ঃশই শাখা থেকে প্রাপ্ত স্টেটমেন্ট এর সাথে এ্যাডভাইসের টাকার পরিমাণে গরমিল পরিলক্ষিত হয় যা সংশোধনে অধিক সময়ের প্রয়োজন হয়। ভবিষ্য তহবিলের টাকা কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এর ট্রাস্টি বোর্ডের অধীনে থাকার কারণে বাৎসরিক ভিত্তিতে আনার পরিবর্তে সিবিএস এর মাধ্যমে মাসিক ভিত্তিতে আনা সম্ভব হলে প্রক্রিয়াটি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভবপর হবে। বিগত ১৩.১১.২০২২ তারিখে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) অনলাইনভুক্ত হয়ে সিবিএস এর মাধ্যমে ০১০৩ কোডে হিসাবায়ন কার্যক্রম শুরু করেছে। এমতাবস্থায়, দ্রুত ও নির্ভুল হিসাবায়নের স্বার্থে ব্যাংকে কর্মরত প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) অর্থাৎ ০১০৩ কোডের আওতায় ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতে একটি করে ইউনিক কাস্টমার একাউন্ট খোলার মাধ্যমে নতুন হিসাবায়ন প্রক্রিয়া চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৪। এ লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর জন্য ০১০৩ কোডের আওতায় একটি করে ইউনিক একাউন্ট চালু করা হবে যা একজন কর্মকর্তা-কর্মচারীর সম্পূর্ণ চাকুরীকালে ভবিষ্য তহবিলের টাকা প্রেরণ এবং হিসাবায়নের জন্য ব্যবহৃত হবে। কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এর অধীনে ০১০৩ কোডে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর উল্লেখিত পিএফ একাউন্ট চালু করার জন্য সিবিএস হতে ২৬.০৯.২০২৩ তারিখ ভিত্তিক শাখাওয়ারী কর্মকর্তা/কর্মচারীর নাম, শাখায় বর্তমান পিএফ একাউন্ট নম্বর, সিআইএফ নম্বর

চলমান পাতা-২

এর তথ্য সংগ্রহ করা হয়েছে যার শাখাভিত্তিক তালিকা একটি এক্সেল ফাইলে এতদসংগে প্রেরণ করা হল। উক্ত এক্সেল ফাইলের **নির্দিষ্ট কলামে ভবিষ্য তহবিল নম্বর যুক্ত করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনীসহ আগামী ১৪.১১.২০২৩ তারিখের মধ্যে** কেন্দ্রীয় হিসাব বিভাগে **ই-মেইলযোগে dgmaccounts1@krishibank.org.bd ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।** তথ্য প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

- **২৬.০৯.২০২৩ হল** তথ্য প্রেরণের ভিত্তি তারিখ (বেতন প্রদানের তারিখ)।
- শাখা কর্তৃক ২৬.০৯.২০২৩ তারিখে শাখায় কর্মরত এবং সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর তথ্য কেন্দ্রীয় হিসাব বিভাগ বরাবর প্রেরণ করতে হবে। ২৬.০৯.২০২৩ তারিখকে ভিত্তি তারিখ বিবেচনায় উক্ত তারিখে যে, যে শাখায় কর্মরত ছিলেন, তার তথ্য ঐ শাখা থেকেই প্রদান করতে হবে।
- নিয়ন্ত্রণকারী কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের সংশ্লিষ্ট শাখাকে নিজ নিজ তথ্য প্রেরণে সহায়তা করার জন্য অনুরোধ করা হল।
- বাংলাদেশ কৃষি ব্যাংকে 'কর্মকর্তা' (১০ম গ্রেড) পদে ব্যাংকার্স সিলেকশন কমিটি কর্তৃক নির্বাচিত ১৪৪০ জন প্রার্থীর মধ্যে যোগদানকৃত কর্মকর্তাদের তথ্য হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১ থেকে সংগ্রহ করা হবে।
- প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীর তথ্য কেন্দ্রীয় হিসাব বিভাগে সংরক্ষিত আছে।
- ২৬.০৯.২০২৩ তারিখে শাখায় কর্মরত কারো বেতন না হয়ে থাকলে, তার তথ্যও উক্ত ছকে সন্নিবেশ করে প্রেরণ করতে হবে।
- ২৬.০৯.২০২৩ তারিখের পূর্বে যদি কেউ ছাড়পত্র গ্রহণ করে নতুন কর্মস্থলে ২৬.০৯.২০২৩ তারিখের পর যোগদান করে তবে তার সম্পূর্ণ তথ্য নতুন কর্মস্থল থেকে প্রদান করতে হবে; কেননা ভিত্তি তারিখে অর্থাৎ ২৬.০৯.২০২৩ তারিখে তার বেতন হয়নি সুতরাং তার তথ্য সংযুক্ত এক্সেল ফাইলে সন্নিবেশিত নেই।
- এ বিষয়ে কোন স্পষ্টীকরণ প্রয়োজন হলে কেন্দ্রীয় হিসাব বিভাগে ০১৭০৯৯৯৯০৬৮ অথবা ০১৮৯৪৯৬৭৬৬৩ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৫। উল্লেখ্য, বাস্তবায়নের পূর্বে আলোচ্য বিষয়টি সার্কুলারের মাধ্যমে অত্র বিভাগ থেকে অবহিত করা হবে।

আপনার বিশ্বস্ত,

০২.১১.২০২৩

সংযুক্তিঃ বর্ণনামতে

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৬। নথি/মহানথি।